

1)পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার কাকে বলে? পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের বৈশিষ্ট্য গুলো কি কি?

যে বাজারে অসংখ্য ক্রেতা ও বিক্রেতা একটি সমজাতীয় দ্রব্যের কেনাবেচা করে এবং যে বাজারে ক্রেতা বা বিক্রেতা ইচ্ছামত প্রবেশ করতে পারে বা বেরিয়ে যেতে পারে সেই বাজার কে পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার বলে।

পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের বৈশিষ্ট্যগুলো হল ;

i)এই বাজারে অসংখ্য ক্রেতা এবং বিক্রেতা থাকে ।

ii) পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে সকল বিক্রেতাই এক জাতীয় দ্রব্য বিক্রি করে ।

iii) পূর্ণপ্রতিযোগিতামূলক বাজারে ক্রেতা এবং বিক্রেতা উভয়ে ই বাজারের অবস্থা সম্পর্কে সম্পূর্ণরূপে সচেতন।

iv) পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে সকল ফার্মের অবাধ প্রবেশাধিকার থাকে আবার কোন ফার্ম ইচ্ছামত বেরিয়ে যেতে পারে ।

v)পূর্ণপ্রতিযোগিতামূলক বাজারে উৎপাদনের উপকরণ গুলি সম্পূর্ণরূপে গতিশীল ।

vi)এই ধরনের বাজারে কোন ফার্মের উৎপাদন ব্যয় ই একমাত্র ব্যয় । অন্য কোন ব্যয় যেমন বিজ্ঞাপন ব্যয়, পরিবহন ব্যয়, বিমার জন্য ব্যয় ইত্যাদি থাকে না ।